বাংলাদেশ স্কাউটস
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০
scouts.gov.bd ই-মেইল : adm@scouts.gov.bd

স্মারক- বাঃ স্কাঃ (প্রশা: ৪১১)/৪২৪/২০২৬

তারিখ: ১৭/৮/২০২৬

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ স্কাউটস-এর রাজস্ব খাতে নিম্নের ছকে বর্ণিত পদসমূহে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে পদের পাশে বর্ণিত শর্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে অনলাইনে (erecruitment.bcc.gov.bd) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রম | পদের নাম, বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা ও সর্বোচ্চ বয়সসীমা | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|
| ১ | সহকারী পরিচালক<br>বেতনস্কেল- ২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-০৯) | পদ সংখ্যা-২২টি<br>৩২ বছর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে যেকোন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী থাকতে হবে।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে যেকোন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে ৪ বছর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রী থাকতে হবে। কম্পিউটার পরিচালনায় দক্ষতা ও স্কাউটিং সম্পর্কে মৌলিক অভিজ্ঞতা থাকতে হবে। |
| ২ | সহকারী প্রোগ্রামার<br>বেতনস্কেল-২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-০৯) | পদ সংখ্যা-১ টি<br>৩২ বছর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান বা CSE বা ICT সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ বছর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) Structured Programming বা Object Oriented Programming Language এ প্রশিক্ষণ ও দক্ষতা থাকতে হবে;<br>(গ) স্টান্ডার্ড এ্যাপটিচুড টেস্টে উত্তীর্ণ হতে হবে;<br>(ঘ) ITEE বা সমমানের সার্টিফিকেটধারীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>(ঙ) স্কাউটিং এ অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |

**অনলাইনে আবেদন ফরম পূরণ এবং নিয়োগের অন্যান্য শর্তাবলি:**

০১। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত বয়স সংক্রান্ত সর্বশেষ প্রজ্ঞাপন অনুযায়ী ১৭ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে আবেদনকারীর ন্যূনতম ও সর্বোচ্চ বয়স ১৮-৩২ বৎসর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেবিট গ্রহণযোগ্য হবে না।

০২। আবেদনকারীকে তাঁর সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

০৩। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্থায়ী ঠিকানা হিসেবে স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করতে হবে।

০৪। জাতীয়তা: প্রার্থীকে অবশ্যই বাংলাদেশি নাগরিক হতে হবে। কোন বিদেশি নাগরিককে বিবাহ করলে অথবা বিবাহ করার জন্য প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদন করার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না।

০৫। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অনুমতিপত্র প্রদর্শন করতে হবে।

০৬। লিখিত/ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতার সনদের মূলকপি, জাতীয় পরিচয়পত্র, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, পৌরসভার কাউন্সিলর বা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদানকৃত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে। এছাড়াও পরবর্তীতে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত বাংলাদেশ স্কাউটস কর্তৃক জারীকৃত পত্র মোতাবেক প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করতে হবে।

০৭। প্রার্থী কর্তৃক অনলাইনে পূরণকৃত বা মৌখিক পরীক্ষার সময় দাখিলকৃত কোন তথ্য বা কাগজপত্রে গরমিল, বিজ্ঞপ্তিতে চাওয়া ন্যূনতম শর্তের সাথে অসামঞ্জস্য পাওয়া গেলে, ভূয়া প্রমাণিত হলে কিংবা নিয়োগ পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে । ভুল তথ্য বা জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোন প্রার্থীর চাকুরি জীবনের যেকোন পর্যায়ে প্রার্থীতা বাতিলসহ তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। লিখিত/ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৯। আবেদনপত্রে প্রার্থীর নাম, জন্ম তারিখ ও অন্য কোন ত্রুটি হলে পরবর্তী সময়ে তা সংশোধনের সুযোগ থাকবে না এবং এরুপ ত্রুটির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা যাবে।

১০। নিয়োগের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধি অনুসরণ করা হবে।

১১। পদের সংখ্যা হ্রাস, বৃদ্ধি, নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল কিংবা বিধি মোতাবেক যেকোন ব্যবস্থা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১২। শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় শ্রেণি/বিভাগ/সমতুল্য সিজিপিএ গ্রহণযোগ্য নয়।

১৩। নিয়োগ সংক্রান্ত যেকোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত বলে গণ্য হবে।

১৪। উপরে উল্লেখ করা হয়নি এমন যেকোন বিষয়ে সরকার কর্তৃক জারীকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

**অনলাইনে আবেদন ফরম পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণীয়:**

১। আগ্রহী প্রার্থীগণকে **erecruitment.bcc.gov.bd** ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে হবে।

২। অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমার শুরুর তারিখ ২০/০৮/২০২৬, সকাল ১০:০০ টা ও অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদানের সর্বশেষ তারিখ ১৭/০৯/২০২৬ তারিখ, বিকাল ০৫:০০ টা পর্যন্ত।

৩। অনলাইনে আবেদনপত্র পূরণের নিয়মাবলি ও বিস্তারিত তথ্য ওয়েবসাইটে (**erecruitment.bcc.gov.bd**) দেওয়া থাকবে।

৪। অনলাইনে আবেদপত্র যথাযথভাবে পূরণ করে দাখিল ও ফি জমাদানের পূর্বে অবশ্যই সকল তথ্যের সঠিকতা যাচাই করতে হবে। পরবর্তীতে সংশোধনের কোন সুযোগ নেই।

৫। আবেদনকারীকে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র এবং স্থায়ী ঠিকানার স্বপক্ষে উপযুক্ত সনদসহ অন্যান্য সকল সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) আপলোড করতে হবে।

৬। পরীক্ষায় অংশগ্রহণের জন্য যথাযথভাবে অনলাইন আবেদনপত্র পূরণের পর পরীক্ষার ফি বাবদ সার্ভিস চার্জসহ উভয় পদের জন্য ৫১৫.০০ (পাঁচশত পনের) টাকা রকেট/বিকাশ/নগদের মাধ্যমে পরিশোধ করতে হবে। আবেদন ফি পরিশোধের বিস্তারিত তথ্য ওয়েবসাইটে (**erecruitment.bcc.gov.bd**) দেওয়া থাকবে।

৭। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়ে পরবর্তীতে এসএমএস/ইমেইল এর মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হবে।

৮। নিয়োগ সংক্রান্ত আপডেট তথ্যের জন্য বাংলাদেশ স্কাউটস এর ওয়েবসাইট (www.scouts.gov.bd) ভিজিট করা যেতে পারে।

নির্বাহী পরিচালক
বাংলাদেশ স্কাউটস